

Bangladesh Securities and Exchange Commission এবং Securities and Exchange Board of India -এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত এর উপস্থিতিতে BSEC এবং SEBI এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান

২২ নভেম্বর ২০১৫ তারিখ Bangladesh Securities and Exchange Commission (BSEC) এবং Securities and Exchange Board of India (SEBI) -এর মধ্যে পুঁজিবাজার ও মানবসম্পদ উন্নয়ন সম্পর্কিত একটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding) প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্বাক্ষরিত হয়। বিএসইসি'র পক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং SEBI এর পক্ষে এর চেয়ারম্যান ইউ. কে. সিনহা সমঝোতা স্মারক স্বাক্ষর করেন।

উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি এবং মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে মন্ত্রিসভার অন্যান্য সদস্যবৃন্দ, উপদেষ্টামন্ডলী, অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী, ভারতীয় হাই কমিশনার, সংশ্লিষ্ট সচিববৃন্দ, BSEC ও SEBI এর চেয়ারম্যান এবং BSEC এর সকল কমিশনার উপস্থিত ছিলেন। তাছাড়া BSEC এর সকল নির্বাহী পরিচালক, পরিচালক ও উপ-পরিচালক এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত, BSEC এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, SEBI এর চেয়ারম্যান ইউ. কে. সিনহা এবং কমিশনের কমিশনারবৃন্দ



অনুষ্ঠান শেষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত, মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব তোফায়েল আহমেদ, BSEC এর চেয়ারম্যান, SEBI এর চেয়ারম্যান, কমিশনের কমিশনারবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ ফটোসেশনে অংশগ্রহণ করেন

এছাড়াও Bangladesh Securities and Exchange Commission (BSEC) এবং Securities and Exchange Board of India (SEBI) -এর মধ্যে পৃথক একটি দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিষয়ে পারস্পারিক সহযোগীতা সম্পর্কে আলোচনা হয়।



দ্বিপাক্ষিক বৈঠকে Bangladesh Securities and Exchange Commission (BSEC) এবং Securities and Exchange Board of India (SEBI) এর প্রতিনিধিবৃন্দ